রেজিঃ রাজ- ২৮৪
বৃহস্পতিবার
২৭ আগষ্ট ২০১৫
১২ ভাদ্র ১৪২২
১১ জিলক্বদ ১৪৩৬
বর্ষ- ৬, সংখ্যা- ১৩
e-mail : w.chatonayishurdi@gmail.com

সাপ্তাহিক
# চেতনায় ঈশ্বরদী
মুক্তিযুদ্ধের চেতনা সমৃদ্ধ
মূল্য ২ টাকা
The Weekly Chatonay Ishurdi

## শতবর্ষের হার্ডিঞ্জ ব্রীজ

প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) প্রকৌশলী পরিদর্শন টিমের টিম লিডার ড. জামিলুর রেজা চৌধুরী এ মন্তব্য করেছেন। তিনি বলেন, এই শতবর্ষী হার্ডিঞ্জ ব্রিজকে আরো শত বছর টিকিয়ে রাখতে হলে পদ্মা নদীর হার্ডিঞ্জ ব্রীজ, এলাকা থেকে বালু উত্তোলন বন্ধ করতে হবে, নইলে ২৫ বছরের আগেই ব্রিজটি মারাত্বক ক্ষতিগ্রস্থ হবে। রেলওয়ের মহাব্যবস্থাপক (ডিজি) আমজাদ হোসেন সাংবাদিকদের বলেন, আগামী ২৫ বছর পর কীভাবে এই ব্রীজকে সচল রাখা যায় তা জরিপ করে ব্যবস্থা গ্রহণ করবে সরকার। হার্ডিঞ্জ ব্রীজ এর একশ বছর পুর্তির বছরকে উদযাপন এবং ব্রিজের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করতে ২৩ আগস্ট রোববার হার্ডিঞ্জ ব্রীজ পয়েন্টে এসেছিলেন বিশেষজ্ঞ প্রকৌশলীবৃন্দ। পরিদর্শন টিমে বাংলাদেশ, ভারত, জাপান, হাঙ্গেরী ও স্পেনের ৪০ জন বিশেষজ্ঞ প্রকৌশলীসহ রেলের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। স্পেশাল ট্রেনে চেপে ঢাকা থেকে দুপুর সাড়ে ১২ টার দিকে তারা পাকশী হার্ডিঞ্জ ব্রীজ সংলগ্ন পাকশী রেলওয়ে স্টেশনে আসেন। স্থানীয় সড়ক ও জনপথ গেস্ট হাউস মিলনায়তনে হার্ডিঞ্জ ব্রীজ এর জন্মলগ্ন থেকে বর্তমান অবস্থা সম্পর্কে একটি প্রেজেন্টেশন ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় শেষে হার্ডিঞ্জ ব্রীজ পরিদর্শন করেন তারা। মত বিনিময় অনুষ্ঠানে রেলওয়ের মহা ব্যবস্থাপক (ডিজি) আমজাদ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য দেন আন্তর্জাতিক সেতু বিশেষজ্ঞ অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী, এসময় মুক্তিযুদ্ধের সময় হার্ডিঞ্জ ব্রীজের ভেঙ্গে পড়া স্প্যান নির্মাণ সময়কালে কর্মরত ভারতীয় প্রকৌশলী ড. অমিতাভ ঘোষাল, পশ্চিমাঞ্চল রেলের প্রধান প্রকৌশলী মাহাবুবুর রহমান বকশী, মহাব্যবস্থাপক (জিএম) খায়রুল আলম, সেতু বিশেষজ্ঞ প্রকৌশলী সাইফুল আমীন, ড. আজাদুর রহমান, ড. তৌফিক আনোয়ার, ড. আবদুর রউফ, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক পাকশী (ডিআরএম) আফজাল হোসেন, ঈশ্বরদী উপজেলা নির্বাহী অফিসার রফিকুল ইসলাম সেলিম, ঈশ্বরদী থানার অফিসার ইনচার্জ (ওসি) বিমান কুমার দাশ প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, শতবর্ষের হার্ডিঞ্জ সেতু পরিদর্শনে আসা বিশেষজ্ঞদের বিষয়ে পরিদর্শন, সাংবাদিকদের সাথে মতবিনিময় বিষয়ে আয়োজকগণ সাপ্তাহিক চেতনায় ঈশ্বরদীকে কোনরুকম দাওয়াত, ম্যাসেজ খবরও দেননি। তারপরও ঐতিহ্যবাহী ও ঐতিহাসিক মূল্যের কারণে নিজেদের দ্বায়বদ্ধতা থেকে সংবাদটি পরিবেশন করা হলো--- ভাঃ সম্পাদক।